

২০২১

বাংলা

(প্রোগ্রাম)

[ল্যাঙ্গুয়েজ কোর কোর্স]

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠ্যক্রম)

দ্বিতীয় সেমেষ্টার

কোর্স কোড : BNG-G-LCC-T-1

(শান্ত পদাবলী, কাব্য ও উপন্যাস)

পূর্ণমান : ৩০

সময় : $1\frac{1}{2}$ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নামান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসন্তোষ নিজের ভাষায় লেখা প্রয়োজন।

উত্তরপত্র A4 কাগজের সর্বাধিক ৫-৬ পাতার মধ্যে লেখা বাঞ্ছনীয়।

- ১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 5 = 10$
- ক) আগমনী ও বিজয়া কাকে বলে ? উদাহরণসহ আলোচনা করো।
 - খ) ‘গেলে তুমি, দয়াময়ি, এ পরাণ যাবে !’ পদটি কোন্‌
পদপর্যায়ের ? এখানে ‘তুমি’ কে ?
 - গ) ‘শুকনো তরু মুঞ্জেরে না, ভয় লাগে মা, ভাঙ্গে পাছে !’—পদটির
পদকর্তা কে ? কোন্‌ রাজার তিনি পৃষ্ঠপোষক ছিলেন ?
 - ঘ) ‘মেঘনাদবধ কাব্য’-এর প্রথম সর্গের নাম কী এবং তার ঘটনাকাল
কী ছিলো ?
 - ঙ) ‘গাইব, মা, বীররসে ভাসি,/ মহাগীত ;’ — ‘বীররস’-এর
স্থায়ীভাব কী ? এখানে ‘মহাগীত’ বলতে কী বোঝানো হয়েছে ?

(পরের পাতায়)

- চ) ‘নহি বিভাবসু আমি, দেখ নিরথিয়া,’—‘বিভাবসু’ কথার অর্থ
কী ? এখানে ‘আমি’ কে ?
- ছ) ‘পদ্মানন্দীর মাঝি’ উপন্যাসটি কত সালে এবং কোন্‌ পত্রিকায়
প্রকাশিত হয় ?
- জ) ‘পদ্মানন্দীর মাঝি’ উপন্যাসের কপিলার স্বামীর নাম কী ছিলো ?
তার শ্বশুরবাড়ি কোথায় ?

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $5 \times 2 = 10$

- ক) ‘গিরি, এবার আমার উমা এলে !’—শীর্ষক পদটিতে মা মেনকা
চরিত্র যেভাবে প্রকাশিত হয়েছে, তা আলোচনা করো।
- খ) মেঘনাদবধ কাব্যের প্রথম সর্গ অবলম্বনে চিত্রাঙ্গদা চরিত্র সম্বন্ধে
আলোচনা করো।
- গ) মেঘনাদবধ কাব্যের ষষ্ঠ সর্গে ব্যবহৃত ভাষা বা ছন্দের সংক্ষিপ্ত
পরিচয় দাও।
- ঘ) হোসেন মির্শার গান্টির তাৎপর্য ব্যাখ্যা করো।
- ঙ) মালা কে ? তার সঙ্গে কুবেরের দাম্পত্য সম্পর্ক ব্যাখ্যা করো।

৩। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও: $10 \times 1 = 10$

- ক) ‘আগমনী’ ও ‘বিজয়া’ পর্যায়ের পদগুলির কাব্যসৌন্দর্য তোমার
পাঠ্য পদ অনুসরণে আলোচনা করো।
- খ) মেঘনাদবধ কাব্যের ষষ্ঠ সর্গের বিষয় বিন্যাসে মধুসূদনের
মৌলিকতা নির্দেশ করো।
- গ) ‘পদ্মানন্দীর মাঝি’ উপন্যাসে খেয়ালী পদ্মা একটি স্বতন্ত্র চরিত্র
মহিমায় উদ্বৃত্ত হয়ে উঠেছে।—উদাহরণ সহকারে বিষয়টি
পরিস্ফুট করো।